

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নং-২০

তারিখঃ ১২/০৫/২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসীলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের এফই সার্কুলার নং-৩১ তারিখঃ ০৬ আগস্ট, ২০১৯ এবং এফই সার্কুলার লেটার নং-২৯ তারিখঃ ২০ নভেম্বর, ২০১৯ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত সার্কুলার এবং সার্কুলার লেটার অনুযায়ী একজন প্রাপককে বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রতিবারে ১,৫০,০০০.০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কাগজপত্রাদি রেমিট্যান্স প্রদানকারী ব্যাংক শাখায় দাখিল করতে হয়।

০৩। বর্তমানে সার্বিক অবস্থায় গ্রাহকের সুবিধা বিবেচনা করে আপনাদের নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো-

ক) প্রেরিত রেমিট্যান্সের উপর প্রতিবারে সর্বোচ্চ মাঃডঃ ৫,০০০(পাঁচ হাজার) অথবা ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত অর্থ প্রেরণের জন্য কাগজপত্রাদি ব্যতিরেকে প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে;

খ) ক নং ক্রমিকে উল্লিখিত নগদ সহায়তার জন্য মাঃডঃ ৫,০০০.০০(পাঁচ হাজার) অথবা ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে প্রাপক কর্তৃক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে দাখিল করার বাধ্যবাধকতা শিথিল করে কাগজপত্রাদি দাখিলের সময়সীমা ০২(দুই) মাস পর্যন্ত বর্ধিত করা হলো। এ সুবিধা আগামী ৩১শে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বহাল থাকবে;

০৪। ০৩ ক্রমিকের সিদ্ধান্তসমূহ ০১ লা জুলাই, ২০১৯ হতে কার্যকর হবে।

০৫। মাঃডঃ ১৫০০(এক হাজার পাঁচশত) অথবা ১,৫০,০০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে এফই সার্কুলার নং-৩১ তারিখ ০৬ আগস্ট, ২০১৯ এবং অত্র বিভাগ কর্তৃক প্রেরিত ০৭/১০/২০১৯ তারিখের এফইপিডি (এলডিএ)/ ১৪৭(১)/২০১৯-৭৬০০ নং পত্রের বর্ণিত নির্দেশনাবলী ০১ জুলাই, ২০১৯ হতে প্রেরিত মাঃডঃ ৫০০০(পাঁচ হাজার) অথবা ৫,০০,০০০(পাঁচ লক্ষ) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩